গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ
এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)
দ্বীপনগর, গাবতলী, মিরপুর, ঢাকা।

স্মারক নং-১২.০২.০০০০.৫৪৯.০৬.০০৩.২৩.১০৪৬ তারিখ: ১৯-০৮-২০২৪ খ্রি.

**বিষয়: কৃষি ব্যবসায়ে তরুণ যুবক ও নারীদের 'অন দ্যা জব' প্রশিক্ষণের জন্য সম্ভাব্য উদ্যোক্তা বাছাই এবং তালিকা প্রেরণ।**

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) শীর্ষক প্রকল্পের ডিএলআই ৭-এর আওতায় ২০,০০০ জন তরুণ যুবক এবং নারী উদ্যোক্তা উন্নয়নের (১২,০০০ নারী এবং ৮,০০০ তরুণ যুবক) লক্ষ্যে কমপক্ষে ৩০টি কৃষিপণ্য প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান, সরকারি/বেসরকারি সংস্থা এবং আর্থিক প্রতিষ্ঠানের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষরের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ১২ দিনব্যাপি 'অন দ্যা জব' প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে ৩,০০০ জন উদ্যোক্তা উন্নয়নে ইতোমধ্য ৫টি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অচিরেই আরও ৫টি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হবে।

০২। সমঝোতা চুক্তি স্বাক্ষরকারী প্রতিষ্ঠানসমূহে পার্টনার (ডিএএম অংগ) প্রকল্প এলাকার (৮ বিভাগের ৬৪ জেলার নির্বাচিত ২০২ উপজেলা) কৃষি ব্যবসায়ে আগ্রহী সম্ভাব্য উদ্যোক্তাগণ ১২ দিনব্যাপি 'অন দ্যা জব' প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন। প্রশিক্ষণ শেষে সম্ভাব্য উদ্যোক্তাদের ব্যবসায় উদ্যোগ টিকিয়ে রাখার জন্য প্রকল্প হতে ম্যাচিং গ্রান্ট, মেশিনারিজ সুবিধা এবং ইনকিউবেশন সাপোর্ট প্রদান করা হবে। প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী সকল জেলার জন্য নির্ধারিত সংখ্যক উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে এবং সকল জেলা হতে আগ্রহী সম্ভাব্য উদ্যোক্তা নির্বাচন প্রয়োজন। আগ্রহী উদ্যোক্তা বাছাইয়ের জন্য প্রকল্প কার্যালয় হতে "কৃষি ব্যবসায়ে তরুণ যুবক ও নারীদের অন দ্যা জব প্রশিক্ষণ সংক্রান্ত গাইডলাইন ২০২৪" প্রস্তুত করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, "কৃষি ব্যবসায়ে তরুণ যুবক ও নারীদের অন দ্যা জব প্রশিক্ষণ সংক্রান্ত গাইডলাইন ২০২৪" অনুসরণপূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের আওতাধীন সকল জেলা হতে আগ্রহী সম্ভাব্য উদ্যোক্তা (**তরুণ যুবক ১৮-৩৫ বছর এবং নারী ১৮-৫০ বছর বয়স পর্যন্ত**) নির্বাচনপূর্বক তাদের তালিকা (**নারী ৬০% এবং তরুণ যুবক ৪০%**) প্রকল্প কার্যালয়ে ক্রমান্বয়ে প্রেরণ করতে হবে এবং আগামী **৩০ সেপ্টেম্বর ২০২৪** তারিখের মধ্যে তা সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** ১) সম্ভাব্য উদ্যোক্তা বাছাই গাইডলাইন;
২) সম্ভাব্য উদ্যোক্তা আবেদন ফর্ম; এবং
৩) জেলাওরারী সম্ভাব্য উদ্যোক্তার সংখ্যা।

১৯/৮/২০২৪

(ড. মুহাম্মদ আবদুল্লাহ আল-ফারুক)
এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর (উপসচিব)
ই-মেইল: partner.dam@gmail.com

**কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১) বিভাগীয় উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ। **(কমিটির সকল সদস্যের সমন্বয়ে আপনার অধীনস্থ সকল জেলার প্রস্তাব একীভূত করে চূড়ান্ত প্রস্তাব প্রেরণের অনুরোধসহ)**
২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ............................... (সকল জেলা)। **(কমিটির সদস্য হিসেবে সম্ভাব্য উদ্যোক্তা বাছাই সংক্রান্ত সভায় ১ জন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)**
৩) সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, ...................(সকল জেলা)। **(কমিটির সদস্য সচিব হিসেবে সার্বিক দায়িত্ব পালন এবং সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবর পত্রটি পৌছানোর অনুরোধসহ)**
৪) মনিটরিং অফিসার, পার্টনার (ডিএএম অংগ) প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ/ কুমিল্লা/ বগুড়া/ দিনাজপুর/ রাঙ্গামাটি/ যশোর/ ফরিদপুর অঞ্চল। **(কমিটির সদস্য হিসেবে সভায় অংশগ্রহণ এবং সম্ভাব্য উদ্যোক্তা বাছাই কার্যক্রম মনিটরিং এর অনুরোধসহ)**

**সদয় অবগতির জন্য অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২) প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পার্টনার প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩) সিনিয়র মনিটরিং অফিসার, পার্টনার প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ/ কুমিল্লা/ বগুড়া/ দিনাজপুর/ রাঙ্গামাটি/ যশোর/ ফরিদপুর অঞ্চল।
৪) প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (পত্রটি কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫) অফিস কপি।

# কৃষি ব্যবসায়ে যুবক ও নারীদের জন্য অন-দ্যা-জব প্রশিক্ষণ সংক্রান্ত গাইডলাইন ২০২৪
# Guideline for On-the-job Training on Agribusiness for Youth and Women 2024

**প্রোগ্রাম অন আগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,এন্টারপ্রিনিউরশিপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)**

**কৃষি বিপণন অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয়**

**আগস্ট ২০২৪**

**সূচিপত্র** **পাতা**


১.০ ভূমিকা (Introduction): ১

২.০ উদ্দেশ্য (Objectives): ১

৩.০ প্রোগ্রামের কার্যক্রমের বিবরণ (Description of Activities of the Program): ১

৪.০ উদ্যোক্তা নির্বাচনের মানদন্ড (Criteria for Selection of Entrepreneurs): ২

৫.০ প্রশিক্ষণের বিস্তারিত বিবরণ (Description of training) ৩

৬.০ বেসরকারী/সরকারি/ আর্থিক প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর (Signing MoU with NGO/Govt/Financial Institutes): ৩

৭.০ সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠানের দায়িত্ব (Responsibilities of the MoU Signatories): ৪

৮.০ পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগের) দায়িত্ব (Responsibilities of the PARTNER-DAM): ৪

৯.০ ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানির দায়িত্ব (Responsibilities of the Event Management Company) ৫

১০.০ সম্ভাব্য কৃষি উদ্যোক্তার দায়িত্ব (Responsibilities of Potential Agri-entrepreneurs) ৬

১১.০ স্থানীয় কৃষি বিপণন কর্মকর্তাদের দায়িত্ব (Responsibilities of the Local Level Agricultural Marketing Officers) ৬

১২.০ অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এ অংশগ্রহণকারী বাছাই প্রক্রিয়া (System of Hunting On-the Job Training Participants) ৭

১২.১.১ জেলা পর্যায়ে বাছাই কমিটি (District Level Committee) ৭

১২.১.২ জেলা পর্যায়ে বাছাই কমিটির কার্যক্রম (Activities of District Level Committee): ৭

১২.২.১ প্রকল্প কার্যালয়ে বাছাই কমিটি (PARTNER-DAM Committee): ৭

১২.২.২ প্রকল্প কার্যলয়ে বাছাই কমিটির কার্যক্রম (Activities of PARTNER-DAM Committee): ৮

১৩.০ উপসংহার (Conclusion): ৮


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি... 

# কৃষি ব্যবসায়ে যুবক ও নারীদের জন্য অন-দ্যা-জব প্রশিক্ষণ সংক্রান্ত গাইডলাইন ২০২৪
# Guideline for On-the-job Training on Agribusiness for Youth and Women 2024

## ১.০ ভূমিকা (Introduction):

বাংলাদেশের যুবক ও নারীদের জন্য কৃষি ব্যবসায় প্রশিক্ষণ হলো একটি কৌশলগত বিনিয়োগ যার মাধ্যমে গ্রামীণ জীবনযাত্রার রূপান্তর, অর্থনীতিকে চাঙ্গা করা, এবং লিঙ্গ বৈষম্য দূর করা সম্ভব হবে। পার্টনার প্রোগ্রামের আওতায় কৃষি ব্যবসায় প্রশিক্ষণের এই উদ্যোগ দেশের জনসংখ্যার একটি উল্লেখযোগ্য অংশকে কৃষি ভ্যালু চেইনে সক্রিয় অংশগ্রহণকারী হতে এবং খাদ্য নিরাপত্তা ও টেকসই উন্নয়নে অবদান রাখতে সক্ষম করবে। কৃষি ব্যবসায় এই প্রশিক্ষণ বাংলাদেশে যুবক ও নারীদের জন্য ব্যাপক পরিবর্তন, দক্ষতা বৃদ্ধি, ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য একটি অনুঘটক হিসাবে কাজ করবে।

## ২.০ উদ্দেশ্য (Objectives):

কৃষি ব্যবসায়ে যুবক ও নারীদের উৎসাহিত করার লক্ষ্যে পার্টনার (ডিএএম অংগ) প্রোগ্রামের আওতায় সারাদেশে ২০,০০০ জনকে (নারী ১২,০০০ জন এবং যুবক ৮,০০০ জন) অন-দ্য জব ট্রেনিং (OJT) বা কাজের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা হবে।

## ৩.০ প্রোগ্রামের কার্যক্রমের বিবরণ (Description of Activities of the Program):

পার্টনার প্রোগ্রামের আওতায় চার (৪) বছরে কৃষি ব্যবসায় প্রশিক্ষণের জন্য সারা দেশ থেকে ২০,০০০ জন সম্ভাব্য উদ্যোক্তাদেরকে (potential entrepreneurs) নির্দিষ্ট মানদণ্ড অনুযায়ী বাছাই করে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। এই প্রশিক্ষণের ধরণ হবে অন-দ্য জব ট্রেনিং (OJT) বা কাজের মাধ্যমে প্রশিক্ষণ, যা বাস্তব কাজের পরিবেশে নতুন দক্ষতা এবং দক্ষতা শেখার একটি ব্যবহারিক পদ্ধতি। এটি একটি হাতে-কলমে শিক্ষা (hands-on) পদ্ধতি যেখানে প্রশিক্ষণ ক্লাসরুমে বা আনুষ্ঠানিক শিক্ষার পাশাপাশি প্রকৃত কাজের পরিবেশে প্রশিক্ষণ দেওয়া হবে। এটি একটি অত্যন্ত কার্যকর পদ্ধতি, যা বাংলাদেশের যুবক ও নারীদের কৃষি ব্যবসার ক্ষেত্রে ব্যবহারিক দক্ষতা এবং জ্ঞান অর্জনে বিশেষ ভাবে প্রযোজ্য। বাস্তব ব্যবসার আদলে সরাসরি শেখার মাধ্যমে এই প্রশিক্ষণ প্রশিক্ষণার্থীদের হাতে-কলমে অভিজ্ঞতা অর্জন, সমস্যা সমাধানের ক্ষমতা বিকাশ, এবং আত্মবিশ্বাস তৈরি করবে।

সম্ভাব্য কৃষি উদ্যোক্তা বাছাইয়ের জন্য প্রোগ্রাম এলাকাতে ব্যাপক পরিমাণে প্রচারণা চালিয়ে উদ্যোক্তা বাছাই করা হবে। পার্টনার প্রোগ্রামের প্রচারণার জন্য এই প্রোগ্রামের আওতায় একটি ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি কাজ করবে। এই ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানিটি প্রোগ্রাম এলাকাতে রোড শো, ফ্লাইয়ার ও পোষ্টার ছাপানো এবং বিতরণ, অডিও ভিজুয়াল ক্যাম্পেইন, সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন, অ্যাপস নির্মাণ, উদ্যোক্তাদের জন্য জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে মেলার আয়োজন, সফল উদ্যোক্তাদের জন্য পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন এবং মিডিয়া সংযোগ করবে। কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তারা নিজনিজ কর্ম এলাকা থেকে উদ্যোক্তা বাছাই কর্মকান্ডের অংশ হিসাবে উদ্যোক্তা নির্বাচনের মানদণ্ড অনুযায়ী সম্ভাব্য উদ্যোক্তা বাছাই করে উদ্যোক্তার তালিকা প্রণয়ন করে তা পার্টনার (ডিএএম অংগ) প্রোগ্রাম অফিসে পাঠাতে পারবেন।

বাছাইকৃত সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের জন্য বেসরকারী, সরকারি বা আর্থিক প্রতিষ্ঠানে কাজের মাধ্যমে প্রশিক্ষণ বা অন-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা করা হবে। পার্টনার (ডিএএম অংগ) -এর সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরকারী কৃষিপণ্য ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলোতে তাদের সাপ্লাই চেইন সংশ্লিষ্ট ব্যবসায়ে আগ্রহী সম্ভাব্য উদ্যোক্তাদের অন-দ্য-জব ট্রেনিং-এর জন্য পাঠানো হবে। প্রশিক্ষণ পরবর্তী সময়ে সম্ভাব্য উদ্যোক্তাদের ইনকিউবেশন প্রতিষ্ঠানের সাথে যুক্ত করার মাধ্যমে তাদেরকে ফলোআপ, লিগ্যাল ও ডকুমেন্ট সহযোগিতা প্রদান করা হবে। এছাড়াও অগ্রগামী উদ্যোক্তাদের প্রোগ্রাম হতে বিভিন্ন যন্ত্রপাতি যেমন-পরিবহণ, সংরক্ষণ,



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা।
কৃষি বিপণন অধিদপ্তর
দ্বীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ

প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি ইত্যাদি ম্যাচিং গ্রান্ট (matching grant) বা অনুদান হিসাবে সর্বোচ্চ ৭০:৩০ অনুপাতে (maximum 70:30 ratio) প্রদান করা হবে। প্রোগ্রমের আওতায় সেরা উদ্যোক্তাদের পুরস্কারের ব্যবস্থা করার পাশাপাশি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তাদের পণ্যের ব্রান্ডিং করার জন্য সহায়তা প্রদান করা হবে।

## ৪.০ উদ্যোক্তা নির্বাচনের মানদন্ড (Criteria for Selection of Entrepreneurs):

উদ্যোক্তারা হলেন স্বপ্নদ্রষ্টা, কার্যকারী এবং ঝুঁকি গ্রহণকারী যারা আমাদের বিশ্বকে গঠনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। যদিও প্রত্যেক উদ্যোক্তার মধ্যে এই  সমস্ত বৈশিষ্ট্য একই মাত্রায় থাকে না, তবে এগুলি সাধারণত সফল উদ্যোক্তাদের মধ্যে পাওয়া যায়। নিম্মোক্ত উদ্যোক্তা নির্বাচনের মানদন্ড অনুযায়ী আগ্রহী প্রার্থীদের মধ্য থেকে অন-দ্য-জব ট্রেনিং (OJT)-এ অংশগ্রহণের জন্য সম্ভাব্য উদ্যোক্তা  নির্বাচিত করা হবে।

**৪.১ শিক্ষা (Education):** প্রশিক্ষণে অংশগ্রহণে আগ্রহী একজন সম্ভাব্য কৃষি উদ্যোক্তার কমপক্ষে ন্যনতম শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। সম্ভাব্য কৃষি উদ্যোক্তার শিক্ষাগত যোগ্যতা অবশ্যই নূন্যতম ৫ম শ্রেণী/ প্রাথমিক শিক্ষা (PSC) বা তার উপরে হতে হবে। অধিকতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

**৪.২ অভিজ্ঞতা (Experience):** কৃষি ব্যবসা  (মূল্য সংযোজন, প্যাকেজিং, অনলাইন মার্কেটিং, রপ্তানী, প্রসেসিং, ইত্যাদি) কৃষি সেবা (উপকরণ ব্যবসা, কৃষি মেশিনারীজ সেবা ইত্যাদি) কাজে অভিজ্ঞ আগ্রহী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

**৪.৩ ব্যবসায়ের সক্ষমতা (Capability of doing business):**  সম্ভাব্য কৃষি উদ্যোক্তাকে একটি ব্যবসা পরিচালনা করার জন্য শারীরিকভাবে (physically) ও মানসিকভাবে (mentally) সুস্থ, এবং আর্থিকভাবে (financially) মোটামুটি সচ্ছল হতে হবে।

**৪.৪ কৃষি-ব্যবসায়িক ধারণা (Agri-business idea):** সম্ভাব্য কৃষি উদ্যোক্তাকে কম পক্ষে একটি কৃষি-ব্যবসায়িক ধারণা (agribusiness idea) থাকতে হবে, যা এক পৃষ্ঠার মধ্যে উপস্থাপন করতে হবে।

**৪.৫ আবেদনকারীর বয়স (Age of the applicant)** আবেদনপত্র জমা দেওয়ার সময় সম্ভাব্য কৃষি উদ্যোক্তার বয়স নূন্যতম ১৮ বছর থেকে সর্বোচ্চ ৩৫ বছর পর্যন্ত হতে হবে। তবে মহিলাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

**৪.৬ আবেদনকারীর লিঙ্গ (Gender of the applicant):** অন-দ্য-জব ট্রেনিং (OJT)-এ অংশগ্রহণকারীদের মধ্যে ষাট শতাংশ (৬০%) নারী, এবং বাকি চল্লিশ শতাংশ (৪০%) যুবক হতে হবে।

**৪.৭ প্রতি ব্যাচে প্রশিক্ষনার্থীর সংখ্যা (Number of participants in each batch):** পঁচিশ (২৫) জন সম্ভাব্য বা আগ্রহী কৃষি উদ্যোক্তা (আদর্শ অনুপাত হলো ১৫ জন মহিলা এবং ১০ জন পুরুষ) নিয়ে একটি প্রশিক্ষনের ব্যাচ (training batch) গঠন করা হবে।

**৪.৮ আবেদনকারীর ঝুঁকি গ্রহণ (Risk Taking Ability)**: যে আবেদনকারীর তার লক্ষ্য অর্জনের জন্য ব্যবসায় ঝুঁকি নিতে ইচ্ছুক, তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

**৪.৯ ব্যবসায় শিক্ষা সনদপ্রাপ্ত বা ব্যবসায় প্রশিক্ষণপ্রাপ্ত (Business education and training):** ব্যবসায় শিক্ষার (business education) সনদপ্রাপ্ত বা কৃষি ব্যবসায় প্রশিক্ষণপ্রাপ্ত (business training) আগ্রহী কৃষি উদ্যোক্তারা প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

**৪.১০ উদ্ভাবনী এবং নতুন প্রযুক্তি গ্রহণ (Adoption of innovative and new technologies)**: উদ্ভাবনী এবং নতুন প্রযুক্তি (innovative and new technologies) গ্রহণে আগ্রহী কৃষি উদ্যোক্তারাও প্রশিক্ষণে অংশগ্রহনের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

## ৫.০ প্রশিক্ষণের বিস্তারিত বিবরণ (Description of training)

সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের উদ্যোক্তা উন্নয়নের জন্য প্রয়োজনীয় ৮টি বিষয়ে (8 subjects) প্রশিক্ষণ প্রদান করা হবে। একজন সম্ভাব্য কৃষি উদ্যোক্তা আবশ্যিক ভাবে ১২ দিন (12 days) একটি সফল কৃষিপণ্য ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে সাথে সংযুক্ত থেকে নিম্মোক্ত ৮ টি বিষয়ে অন-দ্য-জব প্রশিক্ষণ গ্রহণ করবে।

| ক্রমিক নং | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণের মেয়াদ |
|---|---|---|
| ১ | পোস্ট হার্ভেস্ট ম্যানেজমেন্ট (Postharvest Management) | ৩ দিন |
| ২ | উত্তম কৃষি চর্চা (GAP Handling Practices) | ৩ দিন |
| ৩ | একাউন্টস ও বুক কিপিং (Accounts and Bookkeeping) | ১ দিন |
| ৪ | বিজনেস প্ল্যানিং (Business Planning) | ১ দিন |
| ৫ | সেলস ও মার্কেটিং (Sales and Marketing) | ১ দিন |
| ৬ | আর্থিক ব্যবস্থাপনা (Financial Management) | ১ দিন |
| ৭ | লিগ্যাল কমপ্লায়েন্স ও ডকুমেন্টেশন (Legal Compliance and Documentation) | ১ দিন |
| ৮ | মানব সম্পদ ব্যবস্থাপনা (Human Resource Management) | ১ দিন |
| | **মোট** | **১২ দিন** |

উল্লেক্ষিত ৮টি বিষয়ের উপর প্রকল্প কার্যালয় হতে প্রশিক্ষণ মডিউল (training modules) সরবরাহ করা হবে। উল্লেক্ষিত প্রতিটি বিষয়ের উপর প্রশিক্ষণ মডিউল অনুসারে অন-দ্য-জব প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলো নির্বাচিত কৃষি উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান করবেন।

## ৬.০ বেসরকারী/সরকারি/ আর্থিক প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর (Signing MoU with NGO/Govt/Financial Institutes):

পার্টনার প্রোগ্রামের আওতায় কৃষিপণ্য ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, যেমন-কৃষি ব্যবসা, কৃষি প্রযুক্তি ও উদ্ভাবন (technology and innovation), কৃষি যন্ত্রপাতি (agricultural machineries), মূল্য সংযোজন (value addition) এবং কৃষি পরিসেবায় (agricultural services) সাথে জড়িত এমন কমপক্ষে ৩০টি বেসরকারী, সরকারি বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করে সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদেরকে অন-দ্য -জব ট্রেনিং (OJT) প্রদান করা হবে। কৃষিপণ্য ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে জাতীয় এবং আঞ্চলিক পর্যায়ের নিম্মোক্ত খাতের নেতৃস্থানীয় কৃষিপণ্য ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে।

| ক্রমিক নং | খাত সমূহ | কাজের ক্ষেত্র |
|---|---|---|
| ১ | কৃষি উপকরণ | বীজ, সার, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি |
| ২ | খাদ্য প্রক্রিয়াকরণ | খাদ্য ও পানিয় প্রক্রিয়াকরণ এবং বাজার সংযোগ |
| ৩ | খাদ্য বহির্ভূত পণ্য প্রক্রিয়াকরণ | পাট ও পাটজাত দ্রব্য উৎপাদন এবং বাজারজাতকরণ |
| ৪ | ফল ও সব্জি প্রক্রিয়াকরণ | বাছাই, গ্রেডিং, প্যাকেজিং, এবং বাজারজাতকরণ |
| ৫ | মাছ, মাংস ও দুগ্ধজাত পণ্য প্রক্রিয়াকরণ | প্রক্রিয়াকরণ, প্যাকেজিং, এবং বাজারজাতকরণ |
| ৬ | মসলা জাতিয় পণ্য প্রক্রিয়াকরণ | প্রক্রিয়াকরণ, প্যাকেজিং, এবং বাজারজাতকরণ |
| ৭ | এগ্রো-টুরিজম | গ্রামীণ জীবনযাত্রা ও কৃষি ভিত্তিক কার্যক্রম |
| ৮ | কৃষি যন্ত্রপাতি | কৃষি যন্ত্রপাতির ব্যবসা ও সেবা কার্যক্রম ইত্যাদি |
| ৯ | অন্যান্য | অন্যান্য |

পার্টনার প্রোগ্রামের আওতায় সম্ভাব্য কৃষি উদ্যোক্তাকে হাতে-কলমে বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান ছাড়াও প্রোগ্রাম ডকুমেন্ট অনুযায়ী অংশগ্রহনকারীদের নির্ধারিত ভাতা প্রদান করা হবে।

## ৭.০ সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠানের দায়িত্ব (Responsibilities of the MoU Signatories):

পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগ) -এর সাথে বেসরকারি, সরকারি এবং আর্থিক প্রতিষ্ঠানের স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী সমঝোতা স্মারক স্বাক্ষরকারী কৃষিপণ্য ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠান অন-দ্য-জব ট্রেনিং (OJT) প্রদানের ক্ষেত্রে নিম্মোক্ত দায়িত্ব সমূহ পালন করবেন।

**৭.১** সমঝোতা স্মারক স্বাক্ষরকারী বেসরকারি, সরকারি এবং আর্থিক প্রতিষ্ঠান পার্টনার প্রোগ্রামের ডিএএম অংগ থেকে পাঠানো উদ্যোক্তার তালিকা অনুযায়ী কৃষি উদ্যোক্তাদের জন্য অন-দ্য-জব ট্রেনিং-এর আয়োজন এবং পরিচালনা সার্বিক ব্যবস্থাপনা করবে।

**৭.২** সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠান অন-দ্য-জব ট্রেনিং-এর আয়োজনের জন্য কর্মী নিয়োগ করে ট্রেনিং-এর জন্য প্রশাসনিক ও পরিচলনগত সহযোগিতা প্রদান করবে, এবং প্রশিক্ষণ শুরুর অন্তত ৪ (চার) সপ্তাহ আগে প্রশিক্ষণ কর্মসূচী পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগে) পাঠাবে।

**৭.৩** সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠান অন-দ্য-জব ট্রেনিং সফলভাবে সম্পন্নকারী সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের জন্য সার্টিফিকেট-এর ব্যবস্থা করবে।

**৭.৪** সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠান ট্রেনিংচলাকালিন সময়ে অন-দ্য-জব ট্রেনিং-এ অংশগ্রহণকারী সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের জন্য থাকা - খাওয়ার সুব্যবস্থা করবে।

**৭.৫** সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠান অন-দ্য-জব ট্রেনিং শেষ হওয়ার পর ট্রেনিং সফলভাবে সম্পন্নকারী সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের কার্যক্রম মনিটিং করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

**৭.৬** সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠান অন-দ্য-জব ট্রেনিং সফলভাবে সম্পন্নকারী সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের পণ্য প্রচারণার জন্য কৃষি বিপণন অধিদপ্তরের লোগোর (logo) সাথে তাদের লোগো (logo) ব্যবহারের অনুমতি দিবে।

**৭.৭** সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠান অন-দ্য-জব ট্রেনিংচলাকালিন সময়ে অন-দ্য-জব ট্রেনিং-এ অংশগ্রহণকারী সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদেরকে প্রতিষ্ঠান গঠন ও পরিচালনার জন্য প্রয়োজনীয় শিক্ষা প্রদান করবে।

**৭.৮** সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠান ট্রেনিং চলাকালিন সময়ে অন-দ্য-জব ট্রেনিং-এ অংশগ্রহণকারী সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদেরকে উল্লেখিত ৮ টি বিষয় সহ উদ্যোক্তা উন্নয়নের জন্য প্রয়োজনীয় শিক্ষা প্রদান করবে।

**৭.৯** সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠান একটি ব্যাচের ট্রেনিং সম্পন্ন হওয়ার ২ সপ্তাহের মধ্যে ট্রেনিং রিপোর্ট সহ সম্পূর্ণ বিল (complete bill) পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগে) পেশ করবে।

## ৮.০ পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগের) দায়িত্ব (Responsibilities of the PARTNER-DAM):

বেসরকারি, সরকারি এবং আর্থিক প্রতিষ্ঠানের সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগ) অন-দ্য-জব প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে নিম্মোক্ত দায়িত্ব সমূহ পালন করবে।

**৮.১** পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগ) সমঝোতা স্মারক স্বাক্ষরকারী বেসরকারি, সরকারি এবং আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে অন-দ্য-জব ট্রেনিং সম্পাদন করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ী, গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংগ

**৮.২** পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগ) প্রোগ্রাম এলাকাতে ব্যাপক পরিমাণে প্রচারণার মাধ্যমে সম্ভাব্য কৃষি উদ্যোক্তা বাছাই-এর ব্যবস্থা করবে, এবং সম্ভাব্য কৃষি উদ্যোক্তা নির্বাচন করে নির্বাচিত উদ্যোক্তার তালিকা সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠানের নিকট পাঠাবে ।

**৮.৩** পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগ) সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠানের পাঠানো প্রশিক্ষণ কর্মসূচী পর্যালোচনা করবে এবং প্রশিক্ষণ শুরুর অন্তত ২ সপ্তাহ আগে সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠানকে নিশ্চিত (confirm) করবে।

**৮.৪** পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগ) সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ মডিউল (training modules) সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠানের নিকট পাঠাবে।

**৮.৫** পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগ) প্রশিক্ষণ সম্পন্নকারী সম্ভাব্য উদ্যোক্তাকে পরবর্তী সময়ে ইনকিউবেশন (incubation) সহযোগিতা প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে লিগ্যাল ও ডকুমেন্ট সংক্রান্ত সহযোগিতার ব্যবস্থা করবে।

**৮.৬** পার্টনার প্রোগ্রামের (ডিএএম অংগ) অগ্রগামী উদ্যোক্তাদের জন্য প্রোগ্রামের আওতায় বিভিন্ন যন্ত্রপাতি যেমন-পরিবহণ, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি ইত্যাদি ম্যাচিং গ্রান্ট (matching grant) বা অনুদানের ব্যবস্থা করবে।

## ৯.০ ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানির দায়িত্ব (Responsibilities of the Event Management Company)

একটি ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি চার (৪) বছর প্রোগ্রাম এলাকাতে রোড শো, ফ্লায়ার ও পোষ্টার ছাপানো এবং বিতরণ, অডিও ভিজুয়াল ক্যাম্পেইন (AVC), সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন, অ্যাপস নির্মাণ ইত্যাদির মাধ্যমে উদ্যোক্তা বাছাই এবং উদ্যোক্তার সচেতনতা বৃদ্ধি করে কৃষি ব্যবসায় প্রশিক্ষণের জন্য সারা দেশ থেকে ২০,০০০ জন সম্ভাব্য উদ্যোক্তাকে প্রশিক্ষণে সহায়তা করবে।

**৯.১ রোড শো (Road Show and Entrepreneur Hunding Campaign):** ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি প্রোগ্রাম এলাকাতে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর জন্য নির্বাচিত সম্ভাব্য উদ্যোক্তাকে প্রশিক্ষণে আকৃষ্ট করার লক্ষ্যে রোড শো এবং উদ্যোক্তা বাছাই ক্যাম্পেইন পরিচালনা করবে।

**৯.২ ফ্লায়ার ও পোষ্টার ছাপানো এবং বিতরণ (Printing Material Coordination):** ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানিটি প্রোগ্রাম এলাকাতে রোড শো এবং উদ্যোক্তা বাছাই ক্যাম্পেইনের জন্য ব্যানার, ফ্লাইয়ার ও পোষ্টার ছাপানো এবং বিতরণের ব্যবস্থা করবে।

**৯.৩ অডিও ভিজুয়াল ক্যাম্পেইন (AVC):** ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানিটি অডিও ভিজুয়াল ক্যাম্পেইনের (AVC) মাধ্যমে উদ্যোক্তাকে প্রশিক্ষণে আকৃষ্ট করবে।

**৯.৪ সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন (Social Media Campaign):** ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানিটি সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইনের মাধ্যমেও উদ্যোক্তাকে প্রশিক্ষণে আকৃষ্ট করবে।

**৯.৫ অ্যাপস নির্মাণ (App Development and Maintenance):** ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি একটি কম্প্রিহেনসিভ অ্যাপস (comprehensive app) নির্মাণ এবং পরিচালনা করবে, যার মাধ্যমে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এ আগ্রাহী সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের আবেদন গ্রহণ, আবেদন প্রক্রিয়াকরণ, প্রশিক্ষিণের অগ্রগতি ইত্যাদি সবাই জানতে পারবে।

**৯.৬ অন্যান্য কার্যক্রম (Other Activities):** এছাড়াও ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানি মাকিং, এসএমএস বণ্টন, ফ্লাইয়ার ও পোষ্টার ছাপানো এবং বিতরণ, অডিও ভিজুয়াল ক্যাম্পেইন, সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন, উদ্যোক্তাদের জন্য জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে মেলার আয়োজন, সফল উদ্যোক্তাদের জন্য পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন এবং মিডিয়া সংযোগ করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর দ্বীপনগর, গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংগ

## ১০.০ সম্ভাব্য কৃষি উদ্যোক্তার দায়িত্ব (Responsibilities of Potential Agri-entrepreneurs)

১০.১ সম্ভাব্য কৃষি উদ্যোক্তারা বা আগ্রহী কৃষি উদ্যেক্তারা স্থানীয় কৃষি বিপণন কর্মকর্তার অফিস থেকে অফিস চলাকালীন সময়ে অথবা উদ্যোক্তা বাছাই ক্যাম্পেইন চলাকালীন সময়ে নির্ধারিত ফরম সংগ্রহ করবেন। সম্ভাব্য কৃষি উদ্যোক্তারা অনলাইনেও আবেদন করতে পারবেন

১০.২ সম্ভাব্য কৃষি উদ্যোক্তারা ফরমটি যথাযথ ভাবে পূরণ করে তা প্রয়োজনীয় কাগজ পত্র সহ কৃষি বিপণন কর্মকর্তার অফিসে জমা দিবেন।

১০.৩ সম্ভাব্য কৃষি উদ্যোক্তা নির্বাচনের মানদন্ড (৪.০) অনুযায়ী অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর জন্য নির্বাচিত সম্ভাব্য কৃষি উদ্যোক্তাকে প্রশিক্ষণের স্থান, প্রশিক্ষণের বিস্তারিত কর্মসূচী এবং অন্যান্য তথ্য জানিয়ে দেয়া হবে।

১০.৪ নির্বাচিত সম্ভাব্য উদ্যোক্তাকে অবশ্যই যথা সময়ে যথা স্থানে উপস্থিত থেকে ১২ দিনের (10 days) অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এ সক্রিয় ভাবে অংশ গ্রহণ করতে হবে।

১০.৫ নির্বাচিত সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের মধ্যে যারা ১২ দিনের অন-দ্যা-জব ট্রেনিং (OJT) সম্পূর্ণ ভাবে অংশগ্রহণ করবে, কেবলমাত্র তারাই প্রশিক্ষণের সনদপত্র (certificate) এবং প্রগ্রামের পরবর্তী অন্যান্য সুবিধা পাওয়ার জন্য বিবেচিত হবেন।

১০.৬ প্রশিক্ষণ সফলভাবে সম্পন্নকারী সম্ভাব্য কৃষি উদ্যোক্তারা পরবর্তী সময়ে লিগ্যাল ও ডকুমেন্ট সহযোগিতার জন্য ইনকিউবেশন (incubation) প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করবেন।

১০.৭ এছাড়াও অগ্রগামী উদ্যোক্তারা প্রোগ্রামের আওতায় বিভিন্ন যন্ত্রপাতি যেমন-পরিবহণ, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি ইত্যাদি ম্যাচিং গ্রান্ট (matching grant) বা অনুদানের জন্য পার্টনার প্রোগ্রমের সাথে যোগাযোগ করতে পারবেন।

## ১১.০ স্থানীয় কৃষি বিপণন কর্মকর্তাদের দায়িত্ব (Responsibilities of the Local Level Agricultural Marketing Officers)

স্থানীয় কৃষি বিপণন কর্মকর্তারা নিজ নিজ কর্ম এলাকা থেকে উদ্যোক্তা বাছাই কর্মকান্ডে ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানিকে সহযোগিতা সহ সম্ভাব্য উদ্যোক্তা নির্বাচনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবেন।

১১.১ কৃষি বিপণন কর্মকর্তারা নিজ নিজ কর্ম এলাকা থেকে উদ্যোক্তা বাছাই কর্মকান্ডে অংশ নিয়ে উদ্যোক্তা নির্বাচনের মানদন্ড (৪.০) অনুযায়ী সম্ভাব্য উদ্যোক্তার তালিকা প্রণয়ন করে পার্টনার প্রোগ্রাম অফিসে প্রেরণ করবেন।

১১.২ স্থানীয় কৃষি বিপণন কর্মকর্তা সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এ অংশগ্রহণ করতে উৎসাহিত করবেন এবং আগ্রাহী সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের মধ্যে ফরম বিতরণ ও আনুষঙ্গিক তথ্য প্রদান করবেন।

১১.৩ কৃষি বিপণন কর্মকর্তারা সম্ভাব্য কৃষি উদ্যোক্তাদের যথাযত ভাবে ফরম পূরণে সহায়তা করবেন এবং পূরণকৃত ফরম ও প্রয়োজনীয় কাগজ পত্র প্রাথমিক পরীক্ষা নিরীক্ষা করে তা গ্রহণ করবেন।

১১.৪ কৃষি বিপণন কর্মকর্তা উদ্যোক্তা নির্বাচনের মানদন্ড (৪.০) অনুযায়ী নির্বাচিত সম্ভাব্য উদ্যোক্তাদেরকে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এ অংশগ্রহণ করার জন্য সুপারিশ সহ পূরণকৃত ফরম ও প্রয়োজনীয় কাগজ পত্র পার্টনার প্রোগ্রাম অফিসে প্রেরণ করবেন।

১১.৫ কৃষি বিপণন কর্মকর্তা অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর জন্য নির্বাচিত সম্ভাব্য উদ্যোক্তাকে প্রশিক্ষণের স্থান এবং প্রশিক্ষণের বিস্তারিত কর্মসূচী এবং অন্যান্য তথ্য জানিয়ে দিবেন।

১১.৬ কৃষি বিপণন কর্মকর্তা নির্বাচিত সম্ভাব্য উদ্যোক্তাকে যথাসময়ে প্রশিক্ষণ স্থলে উপস্থিত থেকে ১২ দিনের অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এ অংশগ্রহণ করার জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ী... দ্বীপনগর, গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

১১.৭ কৃষি বিপণন কর্মকর্তা প্রশিক্ষণ সম্পন্নকারী সম্ভাব্য উদ্যোক্তাকে পরবর্তী সময়ে লিগ্যাল ও ডকুমেন্ট সংক্রান্ত সহযোগিতার জন্য (incubation) সহযোগিতা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগে সহযোগিতা করবেন।

১১.৮ কৃষি বিপণন কর্মকর্তা অগ্রগামী উদ্যোক্তাদের প্রোগ্রাম হতে বিভিন্ন যন্ত্রপাতি যেমন-পরিবহণ, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও প্যাকেজিং যন্ত্রপাতি ইত্যাদি ম্যাচিং গ্রান্ট (matching grant) বা অনুদানের জন্য পার্টনার প্রোগ্রমের সাথে যোগাযোগ করতে সহযোগিতা করবেন।

## ১২.০ অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এ অংশগ্রহণকারী বাছাই প্রক্রিয়া (System of Hunting On-the Job Training Participants)

অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এ অংশগ্রহণকারী বাছাই কার্যক্রমটি একটি সমন্বিত প্রক্রিয়া, যেখানে আগ্রহী কৃষি উদ্যোক্তা, জেলা কৃষি বিপণন কার্যালয়, প্রকল্প কার্যালয়, এবং ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানির অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানিটি জেলা কৃষি বিপণন কার্যালয়ের সাথে সমন্বয় করে প্রকল্প এলাকায় ব্যাপক প্রচারণামূলক কার্যক্রম পরিচালনা করবে। এই প্রচারণার মাধ্যমে সম্ভাব্য কৃষি উদ্যোক্তারা অন-দ্যা-জব ট্রেনিং কার্যক্রমের বিস্তারিত কর্মসূচী সম্পর্কে অবগত হবেন, এবং আগ্রহী প্রার্থীরা স্থানীয় জেলা কৃষি বিপণন কার্যালয়ের সাথে যোগাযোগ করে নির্ধারিত ফরম পূরণ করে নিজেদের নাম রেজিস্ট্রেশন করতে পারবেন।

### ১২.১.১ জেলা পর্যায়ে বাছাই কমিটি (District Level Committee)

| ক্রমিক নং | নাম, পদবি ও অফিস | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় | সভাপতি |
| ২ | মনিটরিং অফিসার, পার্টনার প্রকল্প, সংশ্লিষ্ট অঞ্চল | সদস্য |
| ৩ | উপ-পরিচালক/ তার প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৪ | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/ কৃষি বিপণন কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | **সদস্য সচিব** |

### ১২.১.২ জেলা পর্যায়ে বাছাই কমিটির কার্যক্রম (Activities of District Level Committee):

- কমিটির সদস্যার জমাকৃত আবেদনপত্র যাচাই-বাছাই করে প্রশিক্ষনের জন্য প্রার্থী নির্বাচিত করবেন।
- কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে প্রস্তাব প্রস্তুত করবেন এবং এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, পার্টনার-ডিএএম অংগে সুপারিশ করবেন।
- কমিটি প্রয়োজনে অন্য কোন সদস্য-কে কো-অপ্ট করতে পারবে।

### ১২.২.১ প্রকল্প কার্যালয়ে বাছাই কমিটি (PARTNER-DAM Committee):

| ক্রমিক নং | নাম, পদবি ও অফিস | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, পার্টনার-ডিএএম অংগ | সভাপতি |
| ২ | ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর | সদস্য |
| ৩ | এক্সপোর্ট এন্ড প্রাইভেট সেক্টর এনগেজমেন্ট কনসালটেন্ট | সদস্য |
| ৪ | সিনিয়র মনিটরিং অফিসার | সদস্য |
| ৫ | ডিটিটি প্রধান (DTT Head),ডিএলআই-৭, পার্টনার-ডিএএম অংগ | **সদস্য সচিব** |



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি দ্বীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ

### ১২.২.২ প্রকল্প কার্যলয়ে বাছাই কমিটির কার্যক্রম (Activities of PARTNER-DAM Committee):

- জেলা পর্যায়ের বাছাই কমিটি কর্তৃক পাঠানো প্রস্তাব অনুযায়ী অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর জন্য সংশ্লিষ্ট সমঝোতা স্মারক স্বাক্ষরকারী প্রতিষ্ঠানে সুপারিশ করবে।
- কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে চুড়ান্ত প্রস্তাব প্রস্তুত করবেন ।
- প্রয়োজনে কমিটি চুড়ান্ত প্রস্তাব আংশিক বা সম্পূর্ণ বাতিল/ স্থগিত করতে পারবে।

## ১৩.০ উপসংহার (Conclusion):

খোরপাশ কৃষি থেকে বাণিজ্যিক কৃষিতে রুপান্তরে কৃষি প্রক্রিয়াজাতকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ লক্ষ্য বাস্তবায়নে পার্টনার (ডিএম অংগ) প্রকল্পের মাধ্যমে কৃষিপণ্য প্রক্রিয়ার সাথে জড়িত এমন ৩০টি বেসরকারি/সরকারি এবং আর্থিক প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করে ২০,০০০ জন (১২০০০ জন নারী, ৮০০০ জন যুবক) উদ্যোক্তাকে কাজের মাধ্যমে প্রশিক্ষণের (অন দ্যা জব ট্রেনিং) ব্যবস্থা করে দেয়া হবে। উদ্যোক্তা বাছাইয়ের জন্য প্রোগ্রাম এলাকাতে বিপুল পরিমাণে প্রচারনা করার পাশাপাশি কৃষক পর্যায় হতে আগ্রহী উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়া হবে। বাছাইকৃত উদ্যোক্তাদের বেসরকারি/সরকারি প্রতিষ্ঠানে কাজের মাধ্যমে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হবে। প্রশিক্ষণ পরবর্তী সময়ে তাঁদের ইনকিউবেশন প্রতিষ্ঠানের সাথে যুক্ত করার মাধ্যমে তাদেরকে ফলোআপ, লিগ্যাল ও ডকুমেন্টারী সহযোগিতা প্রদান করা হবে। অগ্রগামী উদ্যোক্তাদের প্রোগ্রাম হতে যন্ত্রপাতি যেমন-পরিবহণ, সংরক্ষণ, নীড বেজড প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি ইত্যাদি সংক্রান্ত ম্যাচিং গ্রান্ট (৭০:৩০) অনুদান প্রদান করা হবে। সেরা উদ্যোক্তাদের পুরস্কারের ব্যবস্থা করার পাশাপাশি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ব্রান্ডিং করা হবে। উদ্যোক্তা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশে অন্তর্ভুক্তিমূলক টেকসই কৃষি ব্যবস্থা নিশ্চিতকরণ করা সম্ভব হবে। কৃষকদের ক্ষমতায়ন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, পরিবেশসম্মত উপায়ে নিরাপদ কৃষিপণ্য উৎপাদন ও বিপণন সম্ভব হবে। কৃষিকাজের সাথে সংশ্লিষ্ট সকল অংশীজনের মধ্যে সম্পদ ও সুবিধার সুষম বণ্টন নিশ্চিত হবে। আধুনিক কৃষি প্রযুক্তির সম্প্রসারণ, উৎপাদন খরচ সাশ্রয়, শস্য সংগ্রহোত্তর ক্ষতি হ্রাস, ভ্যালু চেইন উন্নয়ন, বাজার সংযোগ স্থাপন এবং বাজার প্রবেশাধিকার সহজ করে কৃষিপণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত হবে। উৎপাদন এবং বিপণন ব্যবস্থাপনার চ্যালেঞ্জ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি হ্রাস করে বাংলাদেশের কৃষি খাতের সামগ্রিক স্থিতিস্থাপকতা বৃদ্ধি পাবে। এ কার্যক্রমের মাধ্যমে কৃষি ব্যবসায়ে ১৮-৩৫ বছরের যুবক ও নারীদের (অগ্রাধিকার) আত্মকর্মসংস্থান সৃষ্টি হবে যা বাংলাদেশের গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন এবং আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
দ্বীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রোগ্রাম অন আগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর
নিউট্রিশন,এন্টারপ্রিনিউরশিপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম)
কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট,ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

# অন-দ্যা-জব প্রশিক্ষণের জন্য আবেদন

তারিখ: ....................

**উদ্যোক্তার ছবি**
(সদ্য তোলা পাসপোর্ট সাইজ)

বরাবর,
সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/ কৃষি বিপণন কর্মকর্তা
জেলা.....................................

## I. মৌলিক তথ্যঃ

আবেদনকারীর নাম :...........................................................

লিঙ্গাঃ : পুরুষ ☐ মহিলা ☐

শিক্ষাঃ :...........................................................
(সার্টিফিকেট জমা দিতে হবে))

জাতীয় পরিচয়পত্র নম্বর :...........................................................
(১০ বা ১৯ সংখ্যা)

জন্ম সনদ নম্বর :...........................................................
(২০ বছরের কম বয়সী প্রার্থীদের জন্য প্রযোজ্য)

জন্ম তারিখ (বছর/মাস/দিন) :...........................................................

বয়স (বছর) :...........................................................

বর্তমান ঠিকানা :...........................................................

পোস্ট অফিস:................ পোস্ট কোড:........

উপজেলা:..................... জেলা:..........

স্থায়ী ঠিকানা : ........................................

পোস্ট অফিস:................ পোস্ট কোড:........

উপজেলা:..................... জেলা:.......

## II. ব্যক্তিগত তথ্যঃ

মোবাইল ফোনঃ :...........................................................

অভিভাবকের ফোনঃ :...........................................................

ই-মেইল (যদি থেকে) :...........................................................

আবেদনকারীর স্বাক্ষর ..............:...........................................................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
দ্বীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
দ্বীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ

## III. ভবিষ্যৎ ব্যবসার তথ্যঃ

**ভবিষ্যৎ ব্যবসার সেক্টরঃ**
(সেক্টরে টিক দিন)

☐ কৃষি-উপকরণ ☐ খাদ্য প্রক্রিয়াকরণ ☐ কৃষি যন্ত্রপাতি

☐ কৃষি-পর্যটন ☐ খাদ্য বহির্ভূত পণ্য প্রক্রিয়াকরণ ☐ অন্যান্য......................
(উল্লেখ করুন)

**ভবিষ্যৎ ব্যবসার শিরোনামঃ**
(উল্লেখ করুন)

.................................................................................................................................

.................................................................................................................................

**ভবিষ্যৎ ব্যবসার বর্ণনাঃ**
(অনুগ্রহ করে বিস্তারিত বর্ণনা করুন। প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন)

**বর্তমান ব্যবসার তথ্যঃ**

বিনিয়োগকৃত মূলধন: টাকা ......................................
(আবেদনের তারিখ পর্যন্ত)

পণ্য বা সেবা: ..................................................................................
(শুধুমাত্র বিক্রয়ের প্রধান আইটেমের নাম উল্লেখ করুন)

ব্যবহৃত উপকরণ: ..............................................................................
(শুধুমাত্র ব্যবহৃত প্রধান উপকরণের নাম উল্লেখ করুন)

প্রতি বছর মোট বিক্রয়: .................................... টাকা

প্রতি বছর মোট মুনাফা: .................................... টাকা

## IV. জেলা কৃষি বিপণন অফিসের মূল্যায়নঃ

(শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য)

**মূল্যায়নকারী**

কর্মকর্তার স্বাক্ষর: ..............................................................

কর্মকর্তার নাম...................................................................

পদবী: ..............................................................................

মোবাইল নম্বর: ...................................................................

☐ **অনুমোদিত**

☐ **অনুমোদিত নয়**

(অনুমোদিত না হলে কারণ উল্লেখ করুন)

........................

........................

........................

# ‘অন দ্যা জব’ প্রশিক্ষণের জন্য জেলাওয়ারি সম্ভাব্য উদ্যোক্তার সংখ্যা

| বিভাগ | জেলা | উপজেলা | সম্ভাব্য উদ্যোক্তার সংখ্যা |
|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ১। সাভার ২। ধামরাই ৩। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ৪। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | ৫০০ |
| | নরসিংদী | ১। বেলাব ২। শিবপুর ৩। নরসিংদী সদর ৪। রায়পুরা | ৫০০ |
| | গাজীপুর | ১। গাজীপুর সদর ২। কাপাসিয়া ৩। শ্রীপুর | ৩০০ |
| | মানিকগঞ্জ | ১। মানিকগঞ্জ সদর ২। সিঙ্গাইর ৩। সাটুরিয়া | ৩০০ |
| | মুন্সিগঞ্জ | ১। মুন্সিগঞ্জ সদর ২। টঙ্গীবাড়ি ৩। লৌহজং | ৩০০ |
| | রাজবাড়ী | ১। রাজবাড়ী সদর ২। পাংশা | ৩০০ |
| | গোপালগঞ্জ | ১। গোপালগঞ্জ সদর ২। টুঙ্গীপাড়া ৩। মুকসুদপুর ৪। কাশিয়ানী | ৩০০ |
| | নারায়ণগঞ্জ | ১। নারায়ণগঞ্জ সদর ২। সোনারগাঁও | ১০০ |
| | মাদারীপুর | ১। মাদারীপুর সদর ২। কালকিনি ৩। শিবচর | ৩০০ |
| | শরীয়তপুর | ১। শরীয়তপুর সদর ২। জাজিরা | ৩০০ |
| | ফরিদপুর | ১। ফরিদপুর সদর ২। মধুখালী ৩। বোয়ালমাড়ি | ৩০০ |
| | কিশোরগঞ্জ | ১। বাজিতপুর ২। হোসেনপুর ৩। পাকুন্দিয়া | ৩০০ |
| | টাঙ্গাইল | ১। টাঙ্গাইল সদর ২। মধুপুর ৩। ভুয়াপুর ৪। সখিপুর ৫। ধনবাড়ি | ৪০০ |
| রংপুর | গাইবান্ধা | ১। গাইবান্ধা সদর ২। গোবিন্দগঞ্জ ৩। পলাশবাড়ি | ৩০০ |
| | কুড়িগ্রাম | ১। কুড়িগ্রাম সদর ২। রাজারহাট ৩। উলিপুর | ৩০০ |
| | নীলফামারী | ১। নীলফামারী সদর ২। ডোমার ৩। কিশোরগঞ্জ | ৩০০ |
| | লালমনিরহাট | ১। লালমনিরহাট সদর ২। আদিতমারি ৩। হাতীবান্ধা | ৩০০ |
| | ঠাকুরগাঁও | ১। ঠাকুরগাঁও সদর ২। পীরগঞ্জ ৩। বালিয়াডাঙ্গী | ৩০০ |
| | দিনাজপুর | ১। দিনাজপুর সদর ২। বীরগঞ্জ ৩। চিরিরবন্দর | ৩০০ |
| | রংপুর | ১। রংপুর সদর ২। মিঠাপুকুর ৩। তারাগঞ্জ ৪। পীরগঞ্জ | ৪০০ |
| | পঞ্চগড় | ১। পঞ্চগড় সদর ২। দেবীগঞ্জ ৩। বোদা | ৩০০ |
| রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | ১। শিবগঞ্জ ২। নাচোল | ৩০০ |
| | রাজশাহী | ১। বাঘা ২। পুঠিয়া ৩। বাগমারা ৪। গোদাগাড়ি ৫। চারঘাট | ৪০০ |
| | বগুড়া | ১। বগুড়া সদর ২। শিবগঞ্জ, ৩। শেরপুর ৪। ধুনট | ৫০০ |
| | পাবনা | ১। পাবনা সদর ২। ঈশ্বরদী ৩। আটঘরিয়া ৪। সাথিয়া | ৩০০ |
| | নাটোর | ১। নাটোর সদর ২। সিংড়া ৩। গুরুদাসপুর | ৩০০ |
| | নওগাঁ | ১। নওগাঁ সদর ২। সাপাহার ৩। মহাদেবপুর ৪। পোর্শা | ৪০০ |
| | সিরাজগঞ্জ | ১। সিরাজগঞ্জ সদর ২। উল্লাপাড়া ৩। তাড়াস | ৩০০ |
| | জয়পুরহাট | ১। জয়পুরহাট সদর ২। পাঁচবিবি ৩। আক্কেলপুর ৪। কালাই | ৩০০ |
| খুলনা | বাগেরহাট | ১। বাগেরহাট সদর ২। ফকিরহাট ৩। মোল্লারহাট | ৩০০ |
| | খুলনা | ১। খুলনা সদর ২। ডুমুরিয়া ৩। ফুলতলা ৪। দিঘলিয়া ৫। বটিয়াঘাটা | ৩০০ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
দ্বীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ

| বিভাগ | জেলা | উপজেলা | সম্ভাব্য উদ্যোক্তার সংখ্যা |
|---|---|---|---|
| খুলনা | মেহেরপুর | ১। মেহেরপুর সদর ২। গাংনী ৩। মুজিবনগর | ৩০০ |
| | কুষ্টিয়া | ১। কুষ্টিয়া সদর ২। কুমারখালী ৩। মিরপুর | ৩০০ |
| | মাগুরা | ১। মাগুরা সদর ২। মোহাম্মদপুর ৩। শ্রীপুর | ৩০০ |
| | চুয়াডাঙ্গা | ১। চুয়াডাঙ্গা সদর ২। দামুরহুদা ৩। আলমডাঙ্গা | ৩০০ |
| | ঝিনাইদহ | ১। ঝিনাইদহ সদর ২। কালীগঞ্জ ৩। কোটচাঁদপুর | ৩০০ |
| | নড়াইল | ১। নড়াইল সদর ২। লোহাগড়া | ২০০ |
| | সাতক্ষীরা | ১। সাতক্ষীরা সদর ২। কলারোয়া ৩। তালা | ৩০০ |
| | যশোর | ১। যশোর সদর ২। ঝিকরগাছা ৩। চৌগাছা ৪। কেশবপুর | ৪০০ |
| চট্টগ্রাম | চাঁদপুর | ১। চাঁদপুর সদর ২। মতলব ৩। ফরিদগঞ্জ | ৩০০ |
| | খাগড়াছড়ি | ১। খাগড়াছড়ি সদর ২। লক্ষ্মীছড়ি ৩। মহালছড়ি ৪। মানিকছড়ি | ৩০০ |
| | কক্সবাজার | ১। কক্সবাজার সদর ২। চকরিয়া ৩। রামু | ৩০০ |
| | বান্দরবান | ১। বান্দরবান সদর ২। রোয়াংছড়ি ৩। লামা | ৩০০ |
| | লক্ষ্মীপুর | ১। লক্ষ্মীপুর সদর ২। রায়পুর | ৩০০ |
| | রাঙ্গামাটি | ১। রাঙ্গামাটি সদর ২। লংগদু ৩। কাউখালী | ৩০০ |
| | কুমিল্লা | ১। কুমিল্লা সদর ২। চান্দিনা ৩। বুড়িচং ৪। দেবিদ্বার | ৪০০ |
| | ব্রাহ্মণবাড়িয়া | ১। ব্রাহ্মণবাড়িয়া সদর ২। বিজয়নগর ৩। নবীনগর | ৩০০ |
| | ফেনী | ১। ফেনী সদর ২। দাগনভুইয়া | ২০০ |
| | নোয়াখালী | ১। নোয়াখালী সদর ২। চাটখীল ৩। কবিরহাট | ৩০০ |
| | চট্টগ্রাম | ১। সীতাকুন্ড ২। চট্টগ্রাম সদর ৩। বাঁশখালী ৪। চন্দনাইশ ৫। পটিয়া | ৩০০ |
| বরিশাল | পিরোজপুর | ১। পিরোজপুর সদর ২। নাজিরপুর ৩। নেছারাবাদ ৪। ভান্ডারিয়া ৫। কাউখালী | ৩০০ |
| | বরিশাল | ১। বরিশাল সদর ২। বাবুগঞ্জ ৩। উজিরপুর ৪। গৌরনদী | ৩০০ |
| | ভোলা | ১। ভোলা সদর ২। লালমোহন ৩। বোরহান উদ্দিন | ৩০০ |
| | বরগুনা | ১। বরগুনা সদর ২। আমতলী ৩। তালতলী | ৩০০ |
| | পটুয়াখালী | ১। পটুয়াখালী সদর ২। কলাপাড়া ৩। মির্জাগঞ্জ | ৩০০ |
| | ঝালকাঠি | ১। ঝালকাঠি সদর ২। নলছিটি ৩। কাঁঠালিয়া | ৩০০ |
| সিলেট | সুনামগঞ্জ | ১। সুনামগঞ্জ সদর ২। দক্ষিণ সুনামগঞ্জ ৩। তাহিরপুর | ৩০০ |
| | মৌলভীবাজার | ১। মৌলভীবাজার সদর ২। শ্রীমঙ্গল ৩। কমলগঞ্জ | ৩০০ |
| | সিলেট | ১। সিলেট সদর ২। গোলাপগঞ্জ ৩। বিশ্বনাথ | ৩০০ |
| | হবিগঞ্জ | ১। হবিগঞ্জ সদর ২। চুনারুঘাট ৩। মাধবপুর | ৩০০ |
| ময়মনসিংহ | শেরপুর | ১। শেরপুর সদর ২। নালিতাবাড়ি ৩। শ্রীবরদী ৪। নকলা | ৩০০ |
| | ময়মনসিংহ | ১। ময়মনসিংহ সদর ২। ঈশ্বরগঞ্জ ৩। ফুলবাড়িয়া | ৩০০ |
| | জামালপুর | ১। জামালপুর সদর ২। সরিষাবাড়ি ৩। মেলান্দহ | ৩০০ |
| | নেত্রকোনা | ১। নেত্রকোনা সদর ২। কেন্দুয়া ৩। পূর্বধলা | ৩০০ |
| | | **সম্ভাব্য উদ্যোক্তার সর্বমোট সংখ্যা** | **২০,০০০** |

১২.০৮.২০২৪

মোঃ রশিদুল ইসলাম
সিনিয়র মনিটরিং অফিসার
পার্টনার, ডিএএম
খামারবাড়ি, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
দ্বীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ